

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৯৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো সফর থেকে যখন সে তার শহরের কাছাকাছি আসবে, তখন তিনি দ্রুত চলবেন

ذِكْنُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ الْإِيضَاعُ إِذَا دَنَا من بلده

আরবী

2699 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ الْمَقَابِرِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ قَالَ: أَخْبَرَنِي حُمَيْدٌ عَنْ أَنسِ بْنِ مَالِكِ: أَنَّ النَّبِيَّ صَلَّى قَالَ: طَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا قَدِمَ مِنْ سَفَرٍ فَنَظَرَ إِلَى جُدُرَات الْمَدِينَةِ أَوْضَعَ رَاحِلَتَهُ وَإِنْ كَانَ على دابة حركها من حُبّها.

الراوي: أنس بن مَالِكِ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2699 | خلاصة حكم المحدث: صحيح: خ (874) مختصراً.

বাংলা

২৬৯৯. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সফর থেকে আগমন করতেন অতঃপর মদীনার দেয়াল দেখতে পেতেন, তখন তিনি মদীনার ভালবাসায় তাঁর বাহনকে দ্রুত চালিত করতেন আর যদি কোন পশুর উপর আরোহী থাকতেন, তখন তিনি তাকে আন্দোলিত করতেন।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১৫৯; সহীহুল বুখারী: ১৮০২; তিরমিযী: ৩৪৪১; নাসাঈ: ১/১৭৪; সুনান বাইহাকী: ৫/২৬০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন



আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুল হিসান: ২৬৯৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন